

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আহল বাইত, সাহাবী-তাবিয়ী ও উম্মাত রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৪. সাহাবীগণের বা উম্মতের মতভেদ রহমত

একটি অতি প্রচলিত ও প্রসিদ্ধ 'হাদীস':

إِخْتِلاَفُ أُمَّتِيْ (اختلاف العلماء) رَحْمَةٌ

''আমার উম্মতের ইখতিলাফ (মতবিরোধ) রহমত (করুণা)''।

কখনো বলা হয়: "আলিমদের ইখতিলাফ রহমত" এবং কেউ বলেন: 'আমার সাহাবীগণের ইখতিলাফ রহমত।' মুহাদ্দিসগণ ঘোষণা করেছেন যে, এ বাক্যটি হাদীস হিসাবে সমাজে বহুমুখে প্রচারিত হলেও কোনো হাদীসের গ্রন্থে এ হাদীসটি সন্দসহ পাওয়া যায় না। কোনো সহীহ, যয়ীফ বা জাল সন্দেও এ কথাটি বর্ণিত হয় নি। সন্দবিহীনভাবে অনেকেই বিভিন্ন গ্রন্থে এ বাক্যটিকে হাদীস হিসাবে উল্লেখ করেছেন। আল্লামা সুবকী বলেছেন: "মুহাদ্দিসগণের কাছে এটি হাদীস বলে পরিচিত নয়। আমি এ হাদীসের কোন সন্দ-ই পাই নি, সহীহ, যয়ীফ বা বানোয়াট কোন রক্ম সন্দই এ হাদীসের নেই।"

ফুটনোট

[1] মোল্লা কারী, আল-আসরার, ৫১ পৃ, সুযূতী, আল-জামি আস সগীর ১/১৩, আলবানী, যায়ীফাহ ১/১৪১, নং ৫৭, যায়ীফুল জামিয় ৩৪ পৃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4856

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন